গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০০/২০১৮-১৯
ঢাকা, সোমবার ১৯ নভেম্বর ২০১৮, ৫ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। তারেক রহমানের বিরুদ্ধে প্রমাণসহ অভিযোগ পেলে খতিয়ে দেখা হবে : নির্বাচন কমিশনার

২। পুলিশের সঙ্গে বিশেষ সভা করবে নির্বাচন কমিশন

৩। খেলাপি ঋণ নিয়ন্ত্রণে রি-শিডিউলিংয়ের লাগাম টেনে ধরার পরামর্শ অর্থমন্ত্রীর

৪। বিমসটেক ট্রেড নেগোসিয়েশনকে আরো কার্যকরের তাগিদ বাণিজ্যমন্ত্রীর

৫। নবান্ন উৎসবের মতো ভোটের উৎসব শুরু হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী

৬। অতীতের চেয়ে এবার ভালো নির্বাচন হবে : সেতুমন্ত্রী

৭। অভ্যন্তরীণ বাজার থেকে ছয় লাখ টন আমন চাল কিনবে সরকার

৮। এ বছর ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন শিশু শিক্ষার্থী সমাপনী পরীক্ষায় অংশ নিচ্ছে : প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

৯। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের কারণে থার্টিফার্স্ট নাইট ও বড়দিনে কোনো অনুষ্ঠান নয় : স্বরাষ্ট্রমন্ত্রী

১০। দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে আইসিটি ল্যাব স্থাপন করা হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী

১১। নির্বাচনে সেনাবাহিনী পেশাদারিত্ব বজায় রাখবে : সেনাপ্রধান

১২। নির্বাচনে অবৈধ অস্ত্রের ব্যবহার রোধ করা হবে : আইজিপি

১৩। নতুন মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার ঢাকায়

চলমান পাতা-২

**১। তারেক রহমানের বিরুদ্ধে প্রমাণসহ অভিযোগ পেলে খতিয়ে দেখা হবে : নির্বাচন কমিশনার**

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বিদেশে বসে ভিডিওকনফারেন্সের মাধ্যমে দলীয় মনোনয়নপ্রার্থীদের সাক্ষাৎকার নিতে পারবেন কি-না, তা আইনে স্পষ্ট নয় বলে মন্তব্য করেছেন নির্বাচন কমিশনার (ইসি) রফিকুল ইসলাম। তিনি বলেন, আইনে থাকলে এবং কেউ সুনির্দিষ্ট তথ্যপ্রমাণসহ অভিযোগ দিলে বিষয়টি তারা খতিয়ে দেখবেন। তবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা আদালতের। গতকাল (১৮ নভেম্বর রোববার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৬)।

**২। পুলিশের সঙ্গে বিশেষ সভা করবে নির্বাচন কমিশন**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার পর বিরাজমান আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিশেষ সভা ডেকেছে নির্বাচন কমিশন (ইসি)। গতকাল (১৮ নভেম্বর রোববার) এ সংক্রান্ত একটি চিঠি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব বরাবর পাঠিয়েছে ইসি। চিঠিতে বলা হয়, রাজধানীর আগারগাঁওয়ে অবস্থিত নির্বাচন ভবনে ২২ নভেম্বর বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় প্রধান নির্বাচন কমিশনারের (সিইসি) সভাপতিত্বে এ বৈঠক হবে। পুলিশের মহাপরিদর্শক, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সচিব, জননিরাপত্তা বিভাগ ও সকল মহানগর পুলিশ কমিশনার, উপমহাপুলিশ পরিদর্শক ও পুলিশ সুপারদের বৈঠকে আমন্ত্রণ জানানো হয়েছে।

অপরদিকে দলের সভাপতি ও সাধারণ সম্পাদকের ছবি চেয়ে নিবন্ধিত রাজনৈতিক দলগুলোর কাছে চিঠি পাঠিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। গত ১৫ নভেম্বর বৃহস্পতিবার ইসির উপসচিব আব্দুল হালিম খান স্বাক্ষরিত এ সংক্রান্ত চিঠি দলগুলোর সাধারণ সম্পাদক বরাবর পাঠানো হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ,ক.৮)।

**৩। খেলাপি ঋণ নিয়ন্ত্রণে রি-শিডিউলিংয়ের লাগাম টেনে ধরার পরামর্শ অর্থমন্ত্রীর**

ব্যাংকিংখাতে খেলাপি ঋণ নিয়ন্ত্রণে রি-শিডিউলিংয়ের লাগাম টেনে ধরার জন্য ব্যাংকারদের প্রতি পরামর্শ দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল (১৮ নভেম্বর রোববার) রাষ্ট্রায়ত্ত মালিকানাধীন ব্যাংক পরিচালকদের পাঁচ দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন অধিবেশনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ পরামর্শ দেন। অর্থমন্ত্রী বলেন, ব্যাংকিংখাত নিয়ে সবচেয়ে বড় সমালোচনা হচ্ছে খেলাপি ঋণ। খেলাপি ঋণের ক্ষেত্রে মোটামুটি দোষটা সরকারি ব্যাংকের। সেগুলোতেই খেলাপি ঋণের পরিমাণ অত্যন্ত বেশি। একটি খেলাপি-ঋণ কতবার রিশিউডিলিংয়ের সুযোগ আছে জানতে চেয়ে তিনি বলেন, খেলাপি ঋণ অনবরত রি-শিডিউলিং হয়। এটার লাগাম টানা প্রয়োজন। অনেকক্ষেত্রে অবসায়ন হলো সব থেকে ভালো সমাধান। কিন্তু সেটা হয় না। সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১), **অবজারভার** (পৃ.১৭,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৫)।

**৪। বিমসটেক ট্রেড নেগোসিয়েশনকে আরো কার্যকরের তাগিদ বাণিজ্যমন্ত্রীর**

আঞ্চলিক বাণিজ্যে বিমসটেক ট্রেড নেগোসিয়েশনকে আরো কার্যকর করার তাগিদ দিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, আঞ্চলিক বাণিজ্যে বিমসটেকের গুরুত্ব অনেক বেশি। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক বাণিজ্যে সুযোগ-সুবিধা বৃদ্ধির মাধ্যমে সংশ্লিষ্ট সকলে লাভবান হতে পারে। গতকাল (১৮ নভেম্বর রোববার) বাণিজ্যমন্ত্রী রাজধানীর একটি হোটেলে বিমসটেক ট্রেড নেগোশিয়েটিং কমিটির দু'দিনব্যাপী ২১তম সভার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। বাণিজ্যমন্ত্রী বলেন, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক বাণিজ্যে বাংলাদেশ এখন গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। বিমসটেকের মাধ্যমে বাণিজ্যে ১৪টি সেক্টরে সুযোগ-সুবিধা বৃদ্ধির সুযোগ রয়েছে। এ জন্য ৬টি ওয়ার্কিং গ্রুপও গঠন করা হয়েছে। নিয়মিত বসে এ সম্ভাবনাকে কাজে লাগানো সম্ভব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **সমকাল** (পৃ.১২,ক.৫), **অবজারভার** (পৃ.১৭,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৬)।

**৫। নবান্ন উৎসবের মতো ভোটের উৎসব শুরু হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, নবান্ন উৎসবের মতো দেশে ভোটের উৎসব শুরু হয়ে গেছে। দেশের মানুষ বিপুল উৎসাহ উদ্দীপনা নিয়ে এখন নির্বাচনমুখী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার আহ্বানে নির্বাচনে সব দল আসায় দেশে ভোটের উৎসবের পরিবেশ সৃষ্টি হয়েছে। তিনি বলেন, বর্তমান সরকার দেশ থেকে জঙ্গিবাদ নির্মূল করেছে, বিদ্যুৎ সংকটের সমাধান করেছে, জনগণের দোরগোড়ায় আধুনিক ও মানসম্মত স্বাস্থ্যসেবা পৌঁছে দিয়েছে, পদ্মাসেতু নির্মাণ শুরু করাসহ যোগাযোগব্যবস্থায় আমূল পরিবর্তন এনেছে, গ্রামে গ্রামে তথ্যপ্রযুক্তি সেবা সহজলভ্য করেছে।

গতকাল (১৮ নভেম্বর রোববার) রাজধানীর মুগদা মেডিক্যাল কলেজ ও হাসপাতাল পরিদর্শন এবং হাসপাতালের চিকিৎসক ও কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.৫,ক.১)।

**৬। অতীতের চেয়ে এবার ভালো নির্বাচন হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের দুর্নীতির দায়ে দণ্ডপ্রাপ্ত বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান একাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রক্রিয়ায় অংশ নিতে পারেন কি না, তা খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের (ইসি) প্রতি অনুরোধ জানিয়েছেন। গতকাল (১৮ নভেম্বর রোববার) সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে তিনি এ অনুরোধ জানান। নির্বাচন কতটুকু ফেয়ার হবে, এমন প্রশ্নের জবাবে ওবায়দুল কাদের বলেন, বাংলাদেশে এর আগে যে নির্বাচনগুলো হয়েছে তার চেয়ে এবার আরও ভালো নির্বাচন হবে। স্বচ্ছ ও সুষ্ঠু হবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.২), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**৭। অভ্যন্তরীণ বাজার থেকে ছয় লাখ টন আমন চাল কিনবে সরকার**

চলতি আমন মৌসুমে অভ্যন্তরীণ বাজার থেকে ৩৬ টাকা কেজি দরে ছয় লাখ টন চাল সংগ্রহ করবে সরকার। আগামী ১ ডিসেম্বর থেকে সংগ্রহ অভিযান শুরু হবে। গতকাল (১৮ নভেম্বর রোববার) সচিবালয়ে খাদ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভাশেষে খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুল ইসলাম সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

**৮। এ বছর ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন শিশু শিক্ষার্থী প্রাথমিক ও ইবতেদায়ি সমাপনী পরীক্ষায় অংশ নিচ্ছে**

প্রথমবারের মতো শতভাগ সৃজনশীল প্রশ্নে দেশজুড়ে রোববার থেকে শুরু হয়েছে পঞ্চম শ্রেণির শিশু শিক্ষার্থীদের প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা। এ বছর সারাদেশের ৩০ লাখ ৯৫ হাজার ১২৩ জন শিশু শিক্ষার্থী এ পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে প্রাথমিকে ২৭ লাখ ৭৭ হাজার ২৭০ জন এবং ইবতেদায়িতে ৩ লাখ ১৭ হাজার ৮৫৩ জন পরীক্ষার্থী। গতকাল (১৮ নভেম্বর রোববার) প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার কেন্দ্র পরিদর্শনের সময় বেইলি রোডে ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান ফিজার বলেন, পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষা বাদ দিতে হলে মন্ত্রিসভার সিদ্ধান্ত লাগবে। কারণ এ পরীক্ষাগুলো মন্ত্রিসভার সিদ্ধান্তের আলোকেই চালু হয়েছে। তিনি অরো বলেছেন, শিক্ষানীতিতে বলা হয়েছে, প্রাথমিক শিক্ষা কার্যক্রম হবে ৮ম শ্রেণি পর্যন্ত। কিন্তু এখন পর্যন্ত তা বাস্তবায়ন হয়নি। যখন বাস্তবায়ন হবে, তখন একটি পরীক্ষা হবে, নাকি দু'টি হবে-সে সিদ্ধান্ত নেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৮)।

**৯। আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের কারণে থার্টিফার্স্ট নাইট ও বড়দিনে কোনো অনুষ্ঠান নয় : স্বরাষ্ট্রমন্ত্রী**

আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের কারণে এবার থার্টিফার্স্ট রাতে কোনো অনুষ্ঠান না করার আহ্বান জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। গতকাল (১৮ নভেম্বর রোববার) সচিবালয়ে বড়দিন ও থার্টিফার্স্ট নাইট উপলক্ষে আয়োজিত সার্বিক নিরাপত্তা সভায় তিনি এসব কথা জানান। থার্টিফার্স্টের আগের দিনই একাদশ জাতীয় নির্বাচন হবে। পরের দিনই ইংরেজি বর্ষবিদায়ের আনুষ্ঠানিকতা। এজন্য বিশৃঙ্খলা এড়াতে ও নিরাপত্তার স্বার্থে কোনো আয়োজন না রাখার তাগিদ দেন স্বরাষ্ট্রমন্ত্রী। তিনি বলেন, বাসার ছাদে বা খোলা জায়গায় থার্টিফার্স্ট নাইটের অনুষ্ঠান করা যাবে না, বৈধ অস্ত্রও বহন করা যাবে না। ডিজে পার্টি করা যাবে না। থার্টিফার্স্ট নাইটে কোথাও কোনো আতশবাজি বা পটকা ফোটানো যাবে না। এছাড়া স্টিকার ছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ে গাড়ি ঢুকবে না। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

**১০। দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে আইসিটি ল্যাব স্থাপন করা হবে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার বলেছেন, আগামী ২ বছরের মধ্যে দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে আইসিটি ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হবে। এ লক্ষ্য বাস্তবায়নে শিক্ষকদের নিজেদেরকে ডিজিটাল শিক্ষার উপযোগী করে গড়ে তুলতে হবে। গতকাল (১৮ নভেম্বর রোববার) আইসিটি টাওয়ারে বিসিসি মিলনায়তনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর বাস্তবায়নাধীন লার্নিং এন্ড আর্নিং প্রকল্প ও সারাদেশের শিক্ষাপ্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় সেরা প্রশিক্ষণার্থী ও শিক্ষাপ্রতিষ্ঠানে ল্যাপটপ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **সমকাল** (পৃ.৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **নিউ নেশন** (পৃ.৩,ক.১)।



**১১। নির্বাচনে সেনাবাহিনী পেশাদারিত্ব বজায় রাখবে : সেনাপ্রধান**

সেনাবাহিনী প্রধান ও বীর রেজিমেন্টের কর্নেল অভ্ দি রেজিমেন্ট জেনারেল আজিজ আহমেদ বলেছেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনে সেনাবাহিনী মোতায়েন করা হলে সুষ্ঠুভাবে নির্বাচন সম্পন্ন করার লক্ষ্যে বাংলাদেশ সেনাবাহিনী পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করবে। দেশের উন্নয়নের অগ্রগতি অব্যাহত রাখতে সরকারের যেকোনো নির্দেশ পালনে সেনাবাহিনী প্রস্তুত রয়েছে। গতকাল (১৮ নভেম্বর রোববার) সাভার সেনানিবাসে

সিএমপিসিএন্ডএস এর প্যারেড গ্রাউন্ডে আয়োজিত এক মনোজ্ঞ কুচকাওয়াজের মাধ্যমে এডহক **১১** বাংলাদেশ ইনফ্যান্ট্রি রেজিমেন্ট (মেকানাইজ্ড)'কে রেজিমেন্টাল কালার প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সেনাপ্রধান একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **সমকাল** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫,ক.৮)।

**১২। নির্বাচনে অবৈধ অস্ত্রের ব্যবহার রোধ করা হবে : আইজিপি**

পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) ড. মোহাম্মদ জাবেদ পাটোয়ারী বলেছেন, জাতীয় সংসদ নির্বাচন সামনে রেখে সারাদেশে পুলিশের বিশেষ অভিযান অব্যাহত থাকবে। এ ক্ষেত্রে সন্ত্রাসী, মাদক কারবারি, অস্ত্র কারবারি কাউকে রেহাই দেওয়া হবে না। অবৈধ অস্ত্রের পাশাপাশি বৈধ অস্ত্রের অপব্যবহার রোধেও পুলিশ সতর্ক রয়েছে। গতকাল (১৮ নভেম্বর রোববার) কক্সবাজারের চকরিয়া থানায় নবনির্মিত ভবন, উখিয়া সার্কেল অফিস ও ঈদগাহ তদন্তকেন্দ্র ভবন উদ্বোধন অনুষ্ঠানে আইজিপি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৩), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

**১৩। নতুন মার্কিন রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার ঢাকায়**

মার্কিন রাষ্ট্রদূত হিসেবে দায়িত্ব নিতে গতকাল (১৮ নভেম্বর রোববার) ঢাকায় এসে পৌঁছেছেন আর্ল রবার্ট মিলার। পররাষ্ট্র মন্ত্রণালয়ের আমেরিকাস অনুবিভাগের মহাপরিচালক এবং মার্কিন চার্জ দ্য অ্যাফেয়ার্সসহ সরকার ও দূতাবাসের কর্মকর্তারা তাকে বিমানবন্দরে স্বাগত জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **সমকাল** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৭)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** নরসিংদীর রায়পুরায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষ ও গোলাগুলির ঘটনায় এক কিশোরসহ চারজন নিহত ও অর্ধশতাধিক আহত হওয়ার ঘটনায় নিন্দা জানিয়ে সেখানে ও দেশের অন্যান্য স্থানে এ ধরনের ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**খ.** **সমকাল :** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিভিন্ন রাজনৈতিক জোট ও দলের হয়ে মনোনয়ন চাইছেন **১২** হাজারেরও বেশি উল্লেখ করে তারা গণতন্ত্রের আদর্শ সমুন্নত রাখবে বলে প্রত্যাশা ব্যক্ত।

**গ.** **যায়যায়দিন :** আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) কর্মসংস্থানবিষয়ক এক প্রতিবেদনে গত সাত বছরে দেশে তরুণ বেকারের হার বেড়েছে দ্বিগুণ এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে বেকারত্ব নিরসনে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

**ঘ.** **যুগান্তর :** আমাদের দেশের চা শ্রমিকদের যেকোনো রোগের জন্য একটিই ওষুধ দেওয়া হচ্ছে উল্লেখ করে চা-শ্রমিকসহ সব ধরনের সংখ্যালঘুদের স্বাস্থ্যব্যবস্থার পুনর্গঠন ও সব ধরনের মৌলিক অধিকার নিশ্চিত করার উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** অনুমোদনহীন অবৈধ প্রাইভেট ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারগুলোর ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **নিউ নেশন, নিউ এজ :** এসএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণের জন্য নির্ধারিত ফি'র অতিরিক্ত অর্থ আদায়কারী বিদ্যালয়ের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

## উপসম্পাদকীয়

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আগামী জাতীয় সংসদ নির্বাচনে প্রত্যেক রাজনৈতিক দলের মূল কাজ হবে সৎ ও যোগ্য প্রার্থীকে মনোনয়ন দেওয়া।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'যান্ত্রিক কৃষির বিকল্প নেই'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, কৃষির আধুনিকায়নে কৃষি যন্ত্রপাতির জন্য অর্থবরাদ্দ বৃদ্ধি এবং ব্যাংকগুলোকে দীর্ঘমেয়াদি স্বল্পসুদে ঋণ প্রদান করতে হবে।

#

**ডালিয়া/শুকলা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা।**